

প্রোফাইল



বেগম জিকরুর রেজা খানম বিসিএস-১৯৮২ নিয়মিত ব্যাচের একজন কর্মকর্তা। তিনি চাকুরী জীবন শুরু করেন বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ বিশেষ ব্যাচের কর্মকর্তা হিসেবে টাংগাইল জেলায় সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে। তিনি ০৩-০৪-১৯৮৩ হতে ৩০-০৯-১৯৮৪ পর্যন্ত টাংগাইল জেলা প্রশাসকের কার্যালয়ে বিচারিক দায়িত্বের পাশাপাশি প্রায় দেড় বছর সুনামের সাথে জুডিশিয়াল মুন্সিখানায় দায়িত্বসহ জেলা ট্রান্সপোর্ট অথরিটির সচিবের দায়িত্ব পালন করেন।

তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের চাকুরী ছেড়ে ১-১০-১৯৮৪ তারিখে বিসিএস (তথ্য) ক্যাডারে যোগদান করেন। তিনি অক্টোবর ১৯৮৪ হতে ফেব্রুয়ারী ১৯৯৭ পর্যন্ত গনযোগাযোগ অধিদপ্তরে সহকারী পরিচালক (প্রশাসন) ও উপ-পরিচালক (প্রশাসন) হিসেবে সততা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৭ হতে ২০০৫ পর্যন্ত তথ্য অধিদপ্তরের সিনিয়র তথ্য অফিসার হিসেবে যথাক্রমে চীফ ফিচার রাইটার, শিফট ইন চার্জ-নিউজ রুম ও উপ-প্রধান তথ্য অফিসার (প্রেস) এর দায়িত্ব পালন করেন। তিনি ২০০৫-২০০৬ সালে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন করেন।

বেগম জিকরুর রেজা খানম ১৪ অক্টোবর, ২০০৬ তারিখে বিসিএস (তথ্য) ক্যাডারের চাকুরী ছেড়ে সরকারের উপসচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ২০০৭ হতে ২০১১ পর্যন্ত সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীনে নজরুল ইনস্টিটিউটের সচিব পদে দায়িত্ব পালন করেন। তিনি ২০১০ সালে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন এবং ২০১১-২০১২ সালে শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৩ হতে ২০১৫ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয় অনুবিভাগের যুগ্মসচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

বেগম জিকরুর রেজা খানম, ৬ এপ্রিল, ২০১৫ তারিখে সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি গত ২৪-০৫-২০১৫ তারিখ হতে নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

বেগম জিকরুর রেজা খানম জানুয়ারী, ১৯৮৫ হতে মে, ১৯৮৫ পর্যন্ত বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি ১৯৮৮ সালে জাতীয় গণ যোগাযোগ ইনস্টিটিউট হতে তথ্য প্রবেশক পাঠ্যধারা প্রশিক্ষণ কোর্সে ১ম স্থান অর্জন করেন। তিনি ২০০৭ সালে

বিপিএটিসিতে অনুষ্ঠিত এসিএডি কোর্সে ৫ম স্থান অধিকার করেন। তিনি বিপিএটিসি ও সিংগাপুরে অনুষ্ঠিত MATT (Stage-I) এ ১ম স্থান অধিকার করেন। তিনি ২০০৯ সালে যুক্তরাজ্যে Wolberhampton University থেকে MATT (Stage-II) প্রশিক্ষণ সম্পন্ন করেন। তিনি ২০১২ সালে বিপিএটিসিতে সিনিয়র স্টাফ কোর্স সম্পন্ন করেন। তিনি ২০১৩ সালে ন্যাশনাল ডিফেন্স কলেজ হতে এনডিসি কোর্স সম্পন্ন করেন।

বেগম জিকরুর রেজা খানম একজন স্বনামধন্য লেখিকা। এ পর্যন্ত তার প্রকাশিত গ্রন্থ সংখ্যা ১৪। দেশের বিভিন্ন জাতীয় পত্রিকার ঙ্গদ সংখ্যায় নিয়মিত তাঁর ভ্রমণ কাহিনী এবং শিশু-কিশোরদের জন্য রচিত গল্প উপন্যাস প্রকাশিত হয়ে আসছে। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে আছে হাজার বছরের ইস্তাম্বুল, বাঙ্গালির বিলায়েত নামা ও কাহানি হিল্লী দিল্লীকা।

বেগম জিকরুর রেজা খানম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৮০ সালে বিএসএস (অনার্স) পরীক্ষায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগে প্রথম শ্রেণী অর্জন করেন। তিনি ১৯৮১ সালে একই বিভাগ হতে এমএসএস ডিগ্রী অর্জন করেন।

তিনি বিভিন্ন সরকারী প্রোগ্রামে যুক্তরাজ্য, সুইডেন, স্পেন, ডেনমার্ক, জাপান, মালয়েশিয়া ও সিঙ্গাপুর সফর করেছেন।

তিনি ১৯৫৯ সালে নেত্রকোনা জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর স্বামী জনাব শেখ আনোয়ারুল হক একজন ব্যবসায়ী। তাঁদের দুই পুত্র সন্তান। জ্যেষ্ঠ পুত্র শেখ রেফাত আনোয়ার বুয়েটে আর্কিটেকচার ফাইনাল ইয়ারের ছাত্র এবং কনিষ্ঠ পুত্র শেখ আফসান রেজা University of Massachusetts, USA থেকে MS ডিগ্রী অর্জন করেছেন।